

Sustainable Development Policy (SDP)

সাসটেইনেবল ডেভেলপমেন্ট পলিসি (SDP) ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ (NGO) ও কোম্পানি যৌথ উদ্যোগে পরিচালিত যা স্মার্ট বাংলাদেশ রূপকল্প ২০৪১ এর স্মার্ট সোসাইটি ডেভেলপমেন্টের অন্যতম একটি যুগোপযোগী পদক্ষেপ। এটি সমগ্র বাংলাদেশের সমন্বিত উন্নয়নে অনগ্রসর, দরিদ্র, পিছিয়েপড়া ও সমস্যাগ্রস্থ জনগোষ্ঠীর আর্থিক ক্ষমতায়ন ও জীবনমান উন্নয়ন, দারিদ্র্য বিমোচন ও টেকসই উন্নয়ন, সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নমূলক কার্যক্রম এবং বিভিন্ন প্রকার স্থায়ী বা অস্থায়ী স্বপ্ন, মধ্য, দীর্ঘমেয়াদী প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম গ্রহণ বাস্তবায়ন ও পরিচালনা করে লাভজনক অর্থ এবং দেশ ও বিদেশের সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠান, সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নমূলক সংগঠনের বিভিন্ন প্রকার দান-অনুদান, বিভিন্ন প্রকার অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি ও সাবস্ক্রিপশন ফি গ্রহণ করে সাসটেইনেবল ডেভেলপমেন্ট পলিসি (SDP) পরিচালনা করা হবে। রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন সম্পাদনকারী সদস্যরা সাসটেইনেবল ডেভেলপমেন্ট পলিসি (SDP) এর সেবা সমূহের আওতাভুক্ত হবে।

No.	Registration Project and Programme Name	Project Code	Financial Code (Price)
1.	Sewing Machine Assistance in Socio-Economic Development Programme	SMASDP	4500
2.	Smart Health Services Programme	SHSP	3500
3.	Sanitary Latrine Programme	SLP	7500
4.	Laptop Assistance Programme in Socio-Economic Development	LAPSD	12500
5.	Smart Solar System Programme	SSSP	7500
6.	Deep Tubewell Programme	DTP	15500
7.	Smart Volunteer Services Programme	SVSP	3500

সুযোগ-সুবিধা:

- ১। এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি ও সাবস্ক্রিপশন ফি প্রদান করে সাসটেইনেবল ডেভেলপমেন্ট পলিসি (SDP) এর আওতাভুক্ত প্রজেক্ট ও প্রোগ্রাম সমূহে অন্তর্ভুক্ত হতে পারবে।
- ২। সাসটেইনেবল ডেভেলপমেন্ট পলিসি (SDP) এ আওতাভুক্ত প্রজেক্ট ও প্রোগ্রামসমূহ রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন করে বিভিন্ন প্রকার বোনাস বা পরিষেবামূলক সুযোগ-সুবিধার আওতাভুক্ত হতে পারবে।
- ৩। প্রতিষ্ঠানের অনুমোদন প্রাপ্ত বিভিন্ন কমিউনিটির সদস্যরা সাসটেইনেবল ডেভেলপমেন্ট পলিসি (SDP) এর প্রজেক্ট বা প্রোগ্রামের আওতাভুক্ত করার জন্য রেফারেন্স প্রদান করতে পারবে।
- ৪। রেফারেন্স প্রদানকারীরা অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি গ্রহণ করে রেফারেন্স প্রদান করলে ইন্সট্যান্ট সেলারি উপার্জন করতে পারবে।

শর্তাবলি:

- ১। সাসটেইনেবল ডেভেলপমেন্ট পলিসি (SDP) এর প্রতিটি প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রমে নির্ধারিত এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি পরিশোধ করে অংশগ্রহণ করতে পারবে।
- ২। প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রমের মেয়াদ রেজিস্ট্রেশনকালীন সময় থেকে গণনা করে ১৫ (পনেরো) বছর পর্যন্ত হবে। তবে প্রয়োজনবোধে কর্তৃপক্ষ সময় বাড়াতে বা কমাতে পারবে।
- ৩। যেকোনো সুযোগ-সুবিধা প্রদানে রেজিস্ট্রেশনকালীন সময় থেকে গণনা করে ন্যূনতম ১৮ মাস পর্যন্ত গণনা করা হবে।
- ৪। রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন সদস্যরা প্রোডাক্ট বা পরিষেবা বা নগদ অর্থ প্রাপ্তির জন্য প্রতিষ্ঠান অথবা প্রতিষ্ঠানের প্রতিনিধিকে কোনো ধরনের চাপ প্রয়োগ করতে পারবে না এবং করলেও তা সর্ব আদালতে গ্রহণযোগ্য হবে না।
- ৫। কোনো কমিউনিটি সদস্য পরিষেবার জন্য প্রতিষ্ঠানকে চাপ প্রয়োগ করতে পারবে না।
- ৬। কোনো সেবাগ্রহীতা প্রতিষ্ঠানের সদস্য নিবন্ধন শর্তাবলী অনুযায়ী প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম ভিত্তিক কোনো পরিষেবা প্রাপ্ত হলে তা কোনো দোকান বা ব্যবসায়িক উদ্দেশ্যে বা কোনো ব্যক্তির কাছে বিক্রি করতে পারবে না।
- ৭। সদস্যরা সাসটেইনেবল ডেভেলপমেন্ট পলিসি (SDP) প্রকল্পের উপাদানগুলোর কোনো বিষয়বস্তুর সমন্বয় বা পরিবর্তন এবং কোনো বিষয়বস্তু অনুকরণ বা নকল করে কোনো কাজ করতে পারবে না।
- ৮। কোনো উপকরণ আইন দ্বারা নিষিদ্ধ কাজে ব্যবহার করতে পারবে না এবং সর্বসাধারণের ব্যবহারের জন্য অথবা বাণিজ্যিক উদ্দেশ্যে কোনোভাবেই ব্যবহার করতে পারবে না।

- ৯। কোনো সেবাগ্রহীতা প্রতিষ্ঠানের সদস্য নিবন্ধন শর্তাবলী বিরোধী কর্মকাণ্ডে লিপ্ত হলে বা অমান্য করলে বা অবহেলা করলে ওয়েলফেয়ার কমিউনিটির সদস্যপদ বাতিলকরণ ও ক্ষতিপূরণ স্বরূপ আইনগত পদক্ষেপ গ্রহণ করতে পারবে এবং পরিষেবা প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হবে।
- ১০। যেকোনো উদ্দেশ্যেই হোক না কেনো প্রাতিষ্ঠানিক সেবাসমূহের কোনো অংশ পুনঃউৎপাদন, প্রতিলিপি, কপি, বিক্রয়, লেনদেন অথবা পুনরায় বিক্রয় করতে পারবে না।
- ১১। প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রমের কোনো পরিষেবা নিয়ে কোনো প্রকার মিথ্যাচার বা প্রতিষ্ঠান বিরোধী প্রচারণা করতে পারবে না।
- ১২। এই শর্তাদির অধীনে সদস্যদের দায়বদ্ধতা ভঙ্গের জন্য সৃষ্ট ফলাফল এর জন্য (ভুক্তভোগী হতে পারে এমন যেকোনো ক্ষতি ও লোকশান সহ) কেবলমাত্র সদস্যই দায়ী এবং বাধ্য এ ক্ষেত্রে সদস্যদের বা কোনো তৃতীয় পক্ষের নিকট প্রতিষ্ঠানের কোনো দায়বদ্ধতা নেই।
- ১৩। রেজিস্ট্রেশন অ্যান্ড সাবস্ক্রিপশন সদস্য প্রতিষ্ঠান কর্তৃক প্রকাশিত নীতিমালা ও বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে সদস্য নিবন্ধন শর্তাবলী মেনে চলতে বাধ্য থাকবে।